গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
www.dumuria.khulna.gov.bd

**উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা এর আগস্ট-২০২৪ খ্রি: মাসের সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মুহাম্মদ আল-আমিন, প্রশাসক, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা। |
| সভার স্থান | : | উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত প্রশাসনিক ভবনের হলরুম, ডুমুরিয়া, খুলনা। |
| সভার তারিখ ও সময় | : | ২৮ আগস্ট, ২০২৪ সময় – দুপুর ১২.০০ টা |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি গত সভার কাযবিবরণী পাঠ করে শোনান এবং কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর তিনি আলোচ্যসূচি অনুসারে গৃহীত বিষয়সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক বিগত ২৮ জুলাই, ২০২৪ খ্রি: তারিখে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী অদ্যকার সভায় উপস্থাপন করা হয়। কোনরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করার প্রতি গুরুত্বারোপ করা হয়। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ২৮ জুলাই, ২০২৪ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা |
| ২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় আলোচনা হয়। সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক পরবর্তী সভার পূর্বে অবহিত করলে কার্যবিবরণী প্রস্তুতে সহায়ক হয়। সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি সন্তোষজনক। | সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন এবং নতুন এজেন্ডা সম্পর্কিত প্রতিবেদন ১৫ দিনের মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা ডুমুরিয়া, খুলনা |
| ৩ | আয়-ব্যয়ের হিসাব | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া আগস্ট-২০২৪ মাসে উপজেলা পরিষদ রাজস্ব ও উন্নয়ন তহবিলে জমা/আয় এবং উক্ত তহবিল হতে ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন যা-নিম্নরুপ:<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আয় বিবরণী ঃ<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে আগস্ট-২০২৪ মাসে স্থিতি- ৫০,০৯,৭৩৬.০৪/- টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থিতির পরিমাণ- ১২,৬০,০৯,৩৬৭.৩৮/-টাকা। | ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ বিধি মোতাবেক জমা এবং ব্যয় নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>প্রশাসক, উপজেলা পরিষদ |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪ | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিভিন্ন ব্যয় ও প্রকল্প গ্রহণ | ১) জনাব মোঃ রিয়াজুল ইসলাম, প্রোঃ তাহিয়া ইন্টারপ্রাইজ, পিকচার প্যালেস, খুলনা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ফটোকপি মেশিনর মালামাল ক্রয় বাবদ চূড়ান্ত বিল ভ্যাট ও আয়করসহ মোট ২৫,০০০/- টাকা ব্যয়িত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১) জনাব মোঃ রিয়াজুল ইসলাম, প্রোঃ তাহিয়া ইন্টারপ্রাইজ, পিকচার প্যালেস, খুলনাকে চূড়ান্ত বিল ভ্যাট ও আয়কর সহ মোট ২৫,০০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>প্রশাসক, উপজেলা পরিষদ |
| | | ২) জনাব মোঃ আব্দুল কাদের, অফিস সহায়ক, ডুমুরিয়া, খুলনা উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে সি সি ক্যামেরা মেরামতের মালামাল ক্রয় বাবদ চূড়ান্ত বিল ভ্যাট ও আয়করসহ মোট ২৪,৯০০/- টাকা ব্যয়িত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২) জনাব মোঃ আব্দুল কাদের, অফিস সহায়ক, ডুমুরিয়া, খুলনাকে চূড়ান্ত বিল ভ্যাট ও আয়করসহ মোট ২৪,৯০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৩) মেসার্স স্বপন ষ্টোর, অরুন কুমার দেবনাথ, ডুমুরিয়া বারআনী বাজার, ডুমুরিয়া, খুলনা আগস্ট/২৪ মাসের বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের মাঝে খাদ্যদ্রব্য বিতরণ জনিত খরচ বাবদ ভ্যাট ও আয়করসহ মোট ৩,২৮,৫০০/- টাকা ব্যয় হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩) মেসার্স স্বপন ষ্টোর, অরুন কুমার দেবনাথ, ডুমুরিয়া বারআনী বাজার, ডুমুরিয়া, খুলনাকে খরচ বাবদ ভ্যাট ও আয়করসহ মোট ৩,২৮,৫০০/- টাকা ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫ | উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা। | (ক) উপজেলা প্রকৌশলী জানান যে, অতিবর্ষনের কারণে ১নং ধামালিয়া ইউনিয়নে বরুনা বাজার-কপালিয়া পুলিশফাঁড়ির নিকটবর্তী রাস্তা ক্ষতিগ্রস্থ হয় উক্ত রাস্তা জনগনের চলাচলের স্বার্থে জরুরীভিত্তিতে সংস্কার করা বিশেষ প্রয়োজন। | (ক) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে বর্নিত স্কীমটি বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা<br>ও<br>উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা |
| | | (খ) উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব ব্যয়ের পরে উদ্ধৃত্ত ৫,৫০,০০০০০/- উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে। উক্ত টাকার স্কীম প্রস্তুতপূর্বক উপজেলা পরিষদ বরাবর উপস্থাপন করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (খ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে সকল ইউনিয়ন পরিষদ ও বিভিন্ন দপ্তর হতে জনস্বার্থে গৃহিত প্রকল্পের তালিকা গ্রহণপূর্বক উপজেলা প্রকৌশলী উপজেলা পরিষদ বরাবর স্কীমগুলি দাখিলের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | গ) উপজেলা হাটবাজার উন্নয়ন তহবিল/২০২৩-২৪ এর আওতায় প্যাকেজ নং-০৬ এর ৫৫ নং ক্রমিকের কাজ বাস্তবায়নকালে প্রাক্কলন সংশোধনের প্রয়োজনীতা দেখা যায়। যাহা চুক্তিমূল্যের মধ্যে সীমাবদ্ধ আছে। | (গ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে বর্নিত স্কীমটি প্রাক্কলন সংশোধনপূর্বক উপজেলা পরিষদে দাখিল করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |
| | | ঘ) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ৭০১ নং সাহস ইউনিয়নে ২টি গভীর নলকূপের জন্য ১৩০০০০/- টাকা বরাদ্ধ হয়েছিল কিন্তু উক্ত ইউনিয়নে পানির লেয়ারের গভীরতা বেশী হওয়ায় উক্ত টাকায় ২টি গভীর নলকূপ বাস্তবায়ন করা সম্ভাব নয় বিধায় ২টি গভীর নলকূপের পরিবর্তে ১টি গভীর নলকূপ স্থাপনের সদয় অনুমোদন আবশ্যক। | (ঘ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে বর্নিত স্কীমটি প্রাক্কলন সংশোধনপূর্বক উপজেলা পরিষদে দাখিল করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |
| | | ঙ) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত স্কীম তালিকার ৪৯৭ নং ক্রমিকে জুন/২৪ মাসে অনুমোদিত ৬টি স্কীমের মধ্যে ৬নং ক্রমিকে বর্নিত রোস্তমপুর পালপাড়া হতে প্রভাষক মনিরুল হকের বাড়ী অভিমুখে রাস্তার পাইলিং স্কীমটি পরিবর্তনপূর্বক রোস্তমপুর বাইতুল নাজাত জামে সমজিদ সংলগ্ন রাস্তা পাইলিংকরনের জন্য সংশিষ্ট ইউপি চেয়ারম্যান আবেদন করিয়াছেন। উক্ত স্কীমটি পিআইসির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানান। | (ঙ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে বর্নিত স্কীমটি যাচাই বাছাই পূর্বক উপজেলা পরিষদে দাখিল করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |
| ৬ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ডুমুরিয়া, খুলনা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, পরিচালক (সমাজসেবা নিরাপত্তা) সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা মহোদয়ের স্মারক নং- ৪১.০১.০০০০.০৪১.১৪.০১০.৪৭৭ তারিখ: ০৪/০৭/২৪ খ্রি: মূলে ২০২৪-২৫ অর্থ বছরে বিগত বছরের ন্যায় এ বছরও সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাধীন বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী শিক্ষর্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচি, অনগ্রসর জনগোষ্ঠীর ( বিশেষ ভাতা, শিক্ষা উপবৃত্তি) এবং হিজড়া ভাতা কর্মসূচির সুবিধাভোগীদের লাইভ ভেরিফিকেশন করা প্রয়োজন। তিনি আরও বলেন, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর সুবিধাভোগীদের দোরগোড়ায় ভাতার অর্থ পৌছানোর লক্ষ্যে ২০২০-২১ অর্থবছরের ২য় কিস্তি হতে G2P পদ্ধতিতে বিতরণ করা হচ্ছে। তিনি জানান লাইভ ভেরিফিকেশনের উদ্দেশ্য | সভায় উপস্থিত সম্মিনিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে ডুমুরিয়া উপজেলাধীন ১৪ টি ইউনিয়নে পর্যায়ক্রমিকভাবে লাইভ ভেরিফিকেশন সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণকে সহযোগিতা প্রদানের অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চেয়ারম্যান (সকল) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | হলোঃ মৃত ভাতাভোগীদের চিহ্নিত করা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচির কোন উপকারভোগী পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছেন কি না প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি কর্মসূচির আওতায় সুবর্ন নাগরিক কার্ড ব্যতিরেকে আর্থিক সুবিধা গ্রহণ করছেন কিনা এ বিষয়ে সভায় বিস্তারিত অলোচনা করা হয়। | | |
| ৭ | উপজেলা তথ্যকেন্দ্র | সভায় কাজের অগ্রগতি উল্লেখ করে উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, তথ্যআপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্পের আওতায় প্রধান কার্যালয়ের মাসিক লক্ষ্যমাত্রা ৯৫০ জন অনুযায়ী তথ্যকেন্দ্র থেকে ডোর টু ডোর এর মাধ্যমে ৬০০ জনকে (শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যাবসা, কৃষি ও জেন্ডার বিষয়ে) সেবা দেওয়া হয়েছে। তথ্যকেন্দ্র থেকে ৪৪ জনকে সেবা দেওয়া হয়েছে। প্রকল্প অফিসের নির্দেশনায় ৪টি উঠান বৈঠকের মাধ্যমে ২০০ জনকে সেবা দেওয়া হয়েছে। ০৭নং শোভনা ইউনিয়নের ০২নং ওয়ার্ডের দলিত স্কুলে জুন মাসের প্রথম উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রিসোর্স পারসন হিসের উপস্থিত ছিলেন মহিলা বিষয়ক কর্মকর্তা জনাব হাসি রানী রায়। ১৩নং গুটুদিয়া ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডের বাদুরগাছা গ্রামে ইউপি সদস্য বন্দনা রানির বাড়িতে জুন মাসের ২য় উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রির্সোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জনাব এস.এম কামরুজ্জামান। ০৪নং খর্নিয়া ইউনিয়নের ০২নং ওয়ার্ডের ভদ্রদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে জুন মাসের ৩য় উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রির্সোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন প্রধান শিক্ষক, জনাব লীনা জেসমিন। ১৩নং গুটুদিয়া ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের লতা গ্রামের বিশ্বাস বাড়ি দূর্গা মন্দিরে ইউপি জুন মাসের ৪র্থ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রির্সোস পারসন হিসেবে উপস্থিত ছিলেন ডেপুটি জেনারেল ম্যানেজার, জনাব কাজী রমজান আলী। এমতাবস্তায় তথ্যকেন্দ্র থেকে সর্বমোট ৮৪৪ জনকে উল্লেখিত বিষয়ে সেবা প্রদান করা হয়েছে। | তথ্যআপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্পের আওতায় উঠান বৈঠক, শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, কৃষি ও জেন্ডার বিষয়ে অনুষ্ঠান করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয় । | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |
| ৮ | উপজেলা কৃষি কর্মকর্তা ডুমুরিয়া, খুলনা | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বর্তমান মৌসুমে আমন বীজতলার লক্ষ্যমাত্র ৯১৫ হেক্টর নির্ধারণ করা হয়েছিল যা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।আমন আবাদ লক্ষ্যমাত্রা ১৫,৯০০ হেক্টর নির্ধারণ করা হয়েছিল। এ পর্যন্ত ১০,০৫০ হেক্টর জমিতে রোপন কার্যক্রম সম্পন্ন হয়েছে। দন্ডায়মান ফসলের মধ্যে সবজির আবাদ হয়েছে ২৭০০ হেক্টর এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আমন ধান আবাদে লক্ষ্যমাত্র পূরণ করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয় । | উপজেলা কৃষি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৯ | বিবিধ আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া সভায় জানান যে, বর্তমান দেশের পরিস্থিতির উপর ভিত্তি করে উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে ও উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তার সুপারিশক্রমে জনাব মো: সাইফুল ইসলাম, (আনসার) ডুমুরিয়া, খুলনাকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে মাসিক ৮,০০০/- (আট হাজার) টাকা মজুরি ভিত্তিতে নিয়োগের বিষয়ে সভায় বিস্তারিত অলোচনা করা হয়। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সভায় উপস্থিত সকল সদস্যের সম্মতিক্রমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে মাসিক ৮,০০০/-(আট হাজার) টাকা মজুরি ভিত্তিতে জনাব মো: সাইফুল ইসলাম, (আনসার) ডুমুরিয়া, খুলনাকে নিয়োগ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮.০৮.২০২৪

মুহাম্মদ আল-আমিন
প্রশাসক
ডুমুরিয়া উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬২২৫(অফিস)

স্মারক নং-০৫.৪৪.৪৭৩০.০০১.০৬.০০১.২১.৬৮২ (৫০) তারিখঃ ২৮/০৮/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১ সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২ বিভাগীয় কমিশনার, খুলনা ।
০৩ জেলা প্রশাসক, খুলনা।
০৪ উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
০৫ নির্বাহী প্রকৌশলী,এল.জি.ই.ডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/ পানি উন্নয়ন বোর্ড,খুলনা।
০৬ উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খুলনা।
০৭ জেলা শিক্ষা অফিসার, খুলনা।
০৮ -----------------------------------------------------------------------------------------(জেলা পর্যায়ের দপ্তর সংশ্লিষ্ট প্রধান)
০৯ উপজেলা ----------------------------------------------------------------------------, ডুমুরিয়া, খুলনা।
১০ উপজেলা আই.সি.টি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১ জনাব --------------------------------------------------------------------------

২৮.০৮.২০২৪

মুহাম্মদ আল-আমিন
উপজেলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬০০১